

নম্বর ০৫.০০.০০০০.২০০.২৫.০০২.২৪.৩১

তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০

২৮ ফেব্রুয়ারি ২০২৪

বিজ্ঞপ্তি

বিষয়: **Project Management** শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাগণের নিকট থেকে আবেদনপত্র আহ্বান।

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি), ঢাকায় আগামী ১০/০৩/২০২৪ হতে ০১/০৪/২০২৪ তারিখ পর্যন্ত ১৫ (পনেরো) কর্মদিবস মেয়াদে সরকারের উপসচিব, সিনিয়র সহকারী সচিব ও সহকারী সচিব পর্যায়ের কর্মকর্তাদের জন্য **Project Management** শীর্ষক প্রশিক্ষণ কোর্স পরিচালিত হবে। উক্ত কোর্সে অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সংযুক্ত আবেদনপত্র ছক (আবেদন ছক) পূরণপূর্বক আগামী ০৩/০৩/২০২৪ তারিখ (রবিবার) বিকাল ০৪.০০ টার মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখায় (সফট কপি it1@mopa.gov.bd ইমেইলে) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

শর্তাবলি:

(ক) কোর্সটি সম্পূর্ণ অনাবাসিক;


(খ) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক এনএপিডি-এর অনুকূলে সংশ্লিষ্ট প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থ হতে মনোনীত কর্মকর্তাগণের কোর্স ফি এবং এ প্রশিক্ষণ বাবদ অন্যান্য ব্যয় নির্বাহ করা হবে;

(গ) কোর্স শুরুর তারিখে আবেদনকারী কর্মকর্তার বয়স অনূর্ধ্ব ৫৬ (ছাপান্ন) বছর হতে হবে;

(ঘ) আবেদনপত্র ছকের (আবেদন ছক) নির্ধারিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/সুপারিশ অবশ্যই থাকতে হবে। চূড়ান্ত মনোনয়নের পর কোনক্রমেই কোর্স হতে অব্যাহতির আবেদন গ্রহণযোগ্য হবে না;

(ঙ) চাহিদা/প্রয়োজনের তুলনায় আবেদনকারী কর্মকর্তার সংখ্যা বেশি হলে জ্যেষ্ঠতার ভিত্তিতে মনোনয়ন চূড়ান্ত করা হবে; এবং

(চ) নির্ধারিত ছকে আবেদনপত্র প্রাপ্তির পর চূড়ান্ত মনোনয়ন তালিকা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে।



২৮-২-২০২৪

মোঃ তোহিদ-বিন-হাসান

উপসচিব

ফোন: ৯৫১৫৫২৫

ইমেইল: it1@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৩) সিনিয়র সচিব, (সকল)

৪) সচিব, (সকল)

৫) অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/সিপিটি/বিধি/সওব্য/শৃঙ্খলা ও তদন্ত/সংস্কার ও গবেষণা/আইন), জনপ্রশাসন মন্ত্রণালয়

৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৮) অফিস কপি/মাস্টার ফাইল